

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.৭২১.২১. ২০২

তারিখ- ১৩/১২/২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পভুক্ত ১৭ টি জেলার ৫৯ টি উপজেলায় গড়ে ২টি করে মোট ১১৮টি হাই স্কুলে অধ্যয়নরত কিশোরীদের সংগঠিত করে কিশোরী বয়স হতে সঞ্চয়ে উৎসাহিতকরণ, বাল্য বিবাহ প্রতিরোধ, নারী নির্যাতনরোধ, যৌতুক বিরোধী, ইভটিজিং প্রতিরোধ, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য ও অধিকারসহ অন্যান্য বিষয়ে সামাজিক সচেতনামূলক প্রশিক্ষণ ও সঞ্চয় প্রণোদনা প্রদান করা হবে। উল্লেখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রতিটি হাই স্কুলের ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে অধ্যয়নরত কিশোরীদের অংশগ্রহণে মোট ১০০ জন শিক্ষার্থীকে নিয়ে পল্লী উন্নয়ন কিশোরী সংঘ গঠন করা হবে। হাই স্কুল কেন্দ্রিক কিশোরী সুফলভোগী নির্বাচনের লক্ষ্যে অনুমোদিত ডিপিপি’র সংস্থান অনুযায়ী নিম্নোক্তভাবে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো :

কিশোরী সুফলভোগী নির্বাচন কমিটি:

১. প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট হাই স্কুল)	:	সভাপতি
২. মহিলা শিক্ষক (সংশ্লিষ্ট হাই স্কুলের মহিলা শিক্ষক)	:	সদস্য
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি	:	সদস্য সচিব

কমিটির কর্মপরিধি :

১. “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় হাই স্কুলের ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য হতে কিশোরী সুফলভোগী নির্বাচনকরণ;
২. নির্বাচিত কিশোরীদের সমন্বয়ে কিশোরী সংঘ গঠনে সহযোগিতা প্রদান;
৩. কিশোরীদের সঞ্চয় তহবিল গঠন, প্রশিক্ষণ প্রদানসহ অন্যান্য সকল ক্ষেত্রে সহযোগিতা প্রদান।


  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.৭২১.২১. ২০২

তারিখ- ১৩/১২/২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা:....., জেলা:.....।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: .....
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি’র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ....., উপজেলা: ....., জেলা: .....
৮. প্রধান শিক্ষক, ....., (সংশ্লিষ্ট হাই স্কুল) উপজেলা: ....., জেলা: .....
৯. মহিলা শিক্ষক, ....., (সংশ্লিষ্ট হাই স্কুল) উপজেলা: ....., জেলা: .....
১০. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
১১. অফিস নথি।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক

কিশোরী সুফলভোগী সদস্য নির্বাচনের মাপকাঠি :

- নির্বাচিত হাই স্কুল হতে সংগৃহিত তথ্য অনুসারে দরিদ্র, মেধাবী ও সুবিধাবঞ্চিত কিশোরী/শিক্ষার্থীরা অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণীর শিক্ষার্থী হতে হবে। তবে এক্ষেত্রে শ্রেণীভিত্তিক নিম্নোক্তহারে কিশোরী সদস্য নির্বাচন করতে হবে:
  - ১। ৬ষ্ঠ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্য হতে ১০% - ২০%
  - ২। ৭ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্য হতে ৪০% - ৫০%
  - ৩। ৮ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্য হতে ৩০% - ৪০%
  - ৪। ৯ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্য হতে ১০% - ২০%
  - ৫। ১০ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্য হতে ১০% - ১৫%
- উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী;
- সাংগঠনিক ও সঞ্চয়ী মনোভাপন্ন;
- নেতৃত্ব প্রদানে আগ্রহী;
- বাল্য বিবাহে আগ্রহী নয়;
- জীবন যাত্রার মানোন্নয়নে আগ্রহী।

উল্লেখ্য ১২ বছরের নিচে কোন কিশোরী/শিক্ষার্থীকে কিশোরী সংঘের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না।

১৫/১২/২০